কদিন। তোমার নাতনি তো জানেই না বোধহয় তার একজন শক্ত পোক্ত দাদু ও আছে... " দিবাকর হেসে ফোন রেখেছিলেন। ডাক্তার ঘোষ অনেক কাল এর বন্ধু, সে ঠাট্টার ছলে বললেও কিছু ভুল বলে নি। ঝিমলী যখন ছয় মাসের, দিতি জেদ ধরেছিল ওরা আলাদা থাকবে। দিবাকর ঠিক বোঝেননি যে কেন জেদ টা ধরেছিল। দিবাকর জানত ছেলের বা তার বউ এর স্বাধীনতায় কোনো হস্তক্ষেপ করেননি। আর সমীর এর মা, পারমিতা তো মাটির মানুষ, কাউকে শাসন করার সাহস ইচ্ছা কিছুই তার কোনদিন ছিল না। কিন্তু দিতির এখানে ভালো লাগত না। হয়তো পারমিতার মাঝে মাঝেই অসুস্থ হয়ে পড়া টা ওর কাছে বিরক্তিকর ছিল। হয়ত সকাল বেলায় উঠে খবরের কাগজ টা প্রথম ও হাতে পেত না, দিবাকর পেত এটা ওরা নালিশ ছিল। হয়ত পারমিতা রোজ ভোরে ঠাকুর নাম জপ করতে করতে সারা বাড়িতে গঙ্গা জল ছিটাত আর সবাই কে প্রসাদ খাইয়ে গায়ে মাথায় ঠাকুরের ফুল বুলিয়ে দিত সেইটা দিতির বিরক্তির কারণ ছিল। হয়ত সমীর অফিস থেকে এসেই বউ আর মেয়ে কে নিয়ে বসে হইচই করার আগে একবার বাবার ঘরে এসে কিছুক্ষণ কথা বলে যেত, কোথাও বেড়াতে গেলে বেচারী মা কোথাও বেরোতে পারে না ভেবে তাকেও সঙ্গে করে নিয়ে যেত এটা হয়ত দিতির ভালো লাগত না। হয়ত দিবাকর এর কুকুর বেড়াল পছন্দ নয় বলে বাড়িতে কুকুর পোষা যায় নি সেটাও একটা বিরক্তির কারণ ছিল। দিবাকর জানেননা, এই সব কটা কারণ ই ছিল নাকি আরো কিছু কারণ ছিল। ... সমীর চলে গেছিল বাড়ি ছেড়ে। মফস্বলের তিনতলা বিরাট বাড়ির থেকে শহরের "পশ -এরিয়া "তে অফিস এর কাছে কেনা থ্রি রুমড ফ্ল্যাট "ম্যানেজেবেল আর কনভেনিয়েন্ট ".... এই কথাটাই সুধু বলেছিল সমীর। দিবাকর বুঝতেন দিতির অসুবিধাটা , ও রাগ ঢেকে রাখত না, হয়ত ইচ্ছা করেই দেখাত। ছেলেকে আর ঘাটাননি , পারমিতা বোকা মা... কান্নাকাটি করেছিলেন কিন্তু তারপর বুঝে গেছিলেন। ওখানে গিয়েছিলেন দিবাকর রা। দিতি খুব সুন্দর সাজিয়েছিল ঘর গুলো। অদ্ভুত সব আলো, বাল্ব দেখা যায় না দেওয়াল এর ফাঁক দিয়ে সুধু মিষ্টি আলো একটা চুইয়ে পরে। গভীর পুরু গদি মোরা সোফা সেট। ঝিম্‌লির বসার জন্য বীন, দেওয়াল জুড়ে হ্যাঙ্গিং এল ই ডি টিভি। রুচি আর প্রাচুর্যের অদ্ভুত মেল , দিতির কোনো এক ডিসাইনার বন্ধু সাজিয়ে দিয়েছে সব..... আর সব নৈশব্দ ভেঙ্গে মাঝে মাঝে গম্‌গমিয়ে ওঠা বংগো র ডাক... পোষা এলসেশিয়ান। সেদিন দিবাকর বুঝেছিলেন কেন দিতি ওই বাড়ি তে থাকতে চাইতো না। আর এটাও বুঝেছিলেন, নিজের উনি যতই মডিফিকেশন করে ছেলের সমান করে থাকুন না কেন, উনি পুরনো। এই সাজানো গোছানো ঘরের আসবাব গুলোর পাশে ওনার বাড়িতে রাখা একান্ত আপন বিরাট ইজি চেয়ার টা যেমন বেমানান, এই ঝকঝকে চকচকে "সফিস্টিকেসান উইদিন সিম্পলিসিটি " থিম এর মধ্যে উনি নিজেও অতটাই বেমানান। চলে এসেছিলেন দিবাকর, ছেলে কে নিজের মত বাঁচতে শিখিয়েছেন তো তিনি। এবার বাঁচতে দিতে তো হবেই..... ঝিম্‌লির সাথে দেখা হয় নি, ও স্কুল থেকে "এডুকেশনাল ট্যুর" এ গেছিল।

এত কিছু বোঝেন দিবাকর। তাও সেই কাজ তাই করতে হচ্ছে যেটা তিনি করতে চাইতেন না। ছেলের বাড়ি গিয়ে উঠতে হবে। অনেক বুঝিয়েছিলেন সমীর কে, ডাক্তার বলার জন্য অনেক কিছু বলে ... ওই নিয়ে মাথা না ঘামাতে। কিন্তু সমীর শোনেনি। কারণ আছে, পারমিতা যখন মারা যান সমীর তখন ইউরোপে অফিস এর কাজ এ, চেষ্টা করেও যখন পৌছতে পেরেছিল তখন সব শেষ। দিবাকর জানেন, সমীর এর অনুতাপ করার ও বিশেষ সময় নেই, ও খানিকটা যন্ত্র হয়ে গেছে।... কিন্তু বাবার ক্ষত্রে আর রিস্ক নিতে পারে না।

সমীর এর ফ্ল্যাট এর দরজা খুলল একটা অত্যন্ত মিষ্টি মেয়ে, একটা বারমুডা আর টপ পরা..... ঝাকরা ঝাকরা চুল, সমীর এর বাচ্চা বেলার ফটো পাশে রাখলে কোনো পার্থক্য পাওয়া যাবে না হয়ত। এই তবে ঝিমলী।.....

.....৩.....

"তুমি এইরকম একটা অদ্ভুত কাজ কিকরে করলে সোম? ইউ কুড হ্যাভ কলড মি আপ ওয়ানস না..... " চুল আচরাতে আচরাতে বলল দিতি।

সমীর এর উত্তর তৈরী ছিল, "আই হ্যাড নো চয়েস। তখন তোমায় ফোন করে এসব বোঝাব না বাবা কে সামলাবো না অফিস এর ক্লায়েন্ট কে আজকের মিটিংটা ক্যানসেল করে কবে করবে সেটা ঠিক করতে বলব। ইউ নো সুইটি হাউ মাচ বিজি আই আম নাউ এ ডেস..... "

"ভালো করেছ। শোনো আমার একজন কলিগ আছে তারা সবাই মিলে একটা ওল্ড এজ ফাউন্ডেশন চালায়।... যথেষ্ট বিশ্বাস যোগ্য।... ওর সাথে কথা বলিয়ে দেব তোমায়। .....

সমীর এর ঘুম পাচ্ছিল। আসতে আসতে চোখ তা বুজে আসছিল আর সেখানে সে দেখতে পাচ্ছিল একটা বিরাট বাগান, অনেক গুলো গোলাপ আর গাঁদা ফুল এর গাছ..... একটা বাচ্চা ছেলে, যার মুখ তা অবিকল ঝিল্লির মত..... চুপি চুপি গিয়ে গাঁদা গাছ এ বসে থাকা একটা প্রজাপতি ধরতে যাচ্ছে পা টিপে টিপে। যেই হাত তা কাছে নিয়ে যাবে, প্রজাপতি উড়ে পালালো।..... মন খারাপ করে বসে পড়ল ছেলে টা ..... পাশে এসে বসলো একজন লম্বা সুন্দর মানুষ, একটা সাদা কাগজ এর ওপর মোম রং দিয়ে চুপচাপ বসে একটা প্রজাপতি আঁকলো। ছেলে টা তখন ও মন খারাপ করে বসে কিন্তু কৌতুহল প্রচন্ড যে বাবা এ টা কি করছে.... বাবা পুরো টা এঁকে, কাঁচি দিয়ে আঁকার বর্ডার ধরে সেটা কাটল।... তারপর ছেলে টা কে হাত পাততে বলে সেই রঙিন প্রজাপতিটা তার হাত এ ধরিয়ে দিল..... "নিজের ইচ্ছা যদি হয় খেলা করার, খেলনা বানিয়ে নাও.... দেখবে আর কোনো দিন কোনো খেলনার জন্য মন কেমন করবে না ".....

সমীর সব বানিয়ে ই তো নিচ্ছে। শুধু নতুন গুলো কে বানাতে হচ্ছে পুরনো গুলোকে গুড়িয়ে ভেঙ্গে দিয়ে।
চোখ টা ভিজে লাগলো কি সমীর এর? ঘুম এর মধ্যে কারোর কান্না পায়? নাকি স্বপ্নটাই এরকম ভিজে ভিজে...!!

.....৪.....

ঝিমলী আজকাল হেঁটে স্কুল থেকে ফেরে। গাড়ী কে বলে দিয়েছে না আসতে। অনেক বন্ধু মিলে একসাথে গল্প করতে করতে ফেরে। কিন্তু আজ একদম একা ফিরছে।বাকি বন্ধু রা আগে বেরিয়ে গেছে। ঝিমলী বলেছিল ওর গাড়ি নিতে আসবে। মিথ্যে বলেছিল। আজ ও একা ফিরতে চায়। মনটা খুব খারাপ। দাদু কে মা ওরকম করে কেন বলত ? কেন মা দাদু কে ওই জঘন্য একটা বাড়িতে পাঠিয়ে দিল যেখানে এক গাদা বুড়ো মানুষ থাকে? ওদের দেখেই তো মনে হচ্ছিল ওরা খেকুরে, অসুস্থ। দাদুর মত কেউ ছিল না। মা বলছিল, "তোমার দাদু নিজের বয়েসী বন্ধুদের সাথে ভালো থাকবেন "..... ওরা দাদুর বন্ধু? দাদু র চুল পেকে গেছিল ঠিকই কিন্তু দাদু খুব লাইভলি ছিল। কত্তত কি জানতে পেরেছিল ঝিমলী এই একমাস এর ভিতর। আগে মা বাবা কেউ এত কিছু বলে নি ঝিমলী কে। কেন দাদু কে ঐখানে পাঠিয়ে দেওয়া হলো? দাদু তো বংগোর সাথেও বন্ধুত্ব করে নিয়েছিল। ছুতে চাইতো না ঠিক কিন্তু মর্নিং ওয়াক এ তো ঝিমলী দাদু বঙ্গ সব একসাথেই বেরোত..... মা একজ্যাক্টলি কি নিয়ে বিরক্ত হত ঝিমলী বোঝে না..... একটা মাসের মধ্যে একজন মানুষ কি করে এত প্রিয় হয়ে গেল ঝিমলী জানে না.... কিন্তু মা যদি ভেবে থাকে যে ঝিমলী দাদুর সাথে আর মিশবে না তো মা খুব ভুল করছে। ঝিমলী যথেষ্ট বড় হয়েছে, ক্লাস টুএলভ-এ পরে। মা তো সুধু গুড রেজাল্ট আনলেই খুশি। ঝিমলীর কাছে সেটা কোনো ব্যাপার না। কিন্তু দাদু কে ঝিমলী ওই স্টুপিড বুড়ো গুলো সাথে বোর হতে দিতে পারে না।

.....৫.....

"সরি মিস্টার রয়, আমি তিন মাস আসতে পারি নি খবর নিতে। আমি নেক্সট কয়েক মাস এর ও এডভান্স দিয়ে যাব..... দিতির কাছে শুনেছেনই তো আমি মাস খানেক ছিলাম ই না। ... উই মিসড ইওর পার্টি টু "..... হোমের নিয়ম অনুযায়ী প্রতিমাস এ খবর নেওয়া আর দরকারী জিনিস কিনে দিয়ে যাওয়া উচিত। নিয়ম লঙ্ঘিত হয়েছে তাই একটু গল্প গুজব করে সেটা এডজাস্ট করার চেষ্টা করলো সমীর।
"ও মিস্টার মুখার্জী অফ কোর্স আমি জানি। আর যে কেউ একজন এলেই তো হলো। আমি তো খুব অবাক হ'লাম ঝিমলী এত বড় টি হয়ে গেছে দেখে । এত দূর এসে প্রতি সপ্তায় দাদুর খোজ নিয়ে যায়, বড়দের মত আমায় আবার জিগেস করে আর কিছু লাগবে কিনা। আপনার মেয়ে সত্যি জিনিয়াস, ব্রাইট স্টুডেন্ট তো বটেই সোশ্যাল ভাবেও এত সচেতন ক'জন হয় আজকাল !! দিতি খুব ভালো তৈরী করেছে মেয়ে কে..." হেসে বললেন, দিতির কলিগ অরুনেশ রয়।
সমীর ঠিক বুঝতে পারল না কি বলবে। ঝিমলী এখানে আসে? কখন কি করে? দিতি জানে না, গাড়ি বাড়ি তে - মানে ঝিমলী একা ট্রেন এ চেপে এই এত দূর আসে ? কদিন আগে বলছিল ও বন্ধুর বাড়ি গিয়ে অঙ্ক করে রবিবার ক'রে..... মানে ও সেখানে যায় না? কিন্তু ও টাকা পায় কোথায়? দিতি দিলে নিশ্চই জিগেস করত কেন চাইছে; ঝিমলী সমীর এর থেকেও কোনো দিন চায় নি। মানে ও নিজের পকেট মানি বাঁচিয়ে এই করে ? আর এই জন্যই ঝিমলী নিজের বার্থডে তে কোনো গিফট নেয় নি টাকা নিয়েছে? সমীর ঠিক অবাক ও হলো না। আসতে আসতে ঢুকলো ভিতরে.... বাগানে অনেক বুড়ো-বুড়ি বসে আছে ছড়িয়ে ছিটিয়ে। এরা বয়েস এ হয়ত দিবাকর এর চেয়ে ছোট ই হবে।... দেখে মনে হয় যেন সবাই মৃত্যুর প্রহর

গুনছে। দিবাকর কোথা থেকে এত প্রাণ শক্তি পান? এখনো যখনি কথা হয়, নিজের একটাও রোগ ভোগ এর কথা উল্লেখ ও করেন না। মনেই হয় না এমন কারোর সাথে সমীর কথা বলছে যার যুগে কম্পিউটার ছিল না, যে কর্পোরেট ওয়ার্ল্ড কি বোঝেনা..... দিবাকর আপ-টু-ডেট, সমীর জানে। এখনো নিয়ম করে কাগজ পড়েন, যতদিন বাড়িতে ছিলেন ঝিল্লির থেকে কম্পিউটার ও শিখেছেন বেশ খানিক টা। সমীর ভাবে, সত্তর বছরের পর ও কি এত কর্মক্ষম থাকবে আদৌ?

অনেক টা দুরে একটা গাছ এর পাশে বসে আছে দুজন। ঝাকরা চুল এর একটা মেয়ে, আর সাদা চুল এর একজন লম্বা চওড়া ভদ্রলোক.... কিন্তু একটু ঝুকে পড়েছেন সামনের দিকে। ঝিমলির কোল এ একটা খাতা। ঝিমলী স্কেচ পেন দিয়ে কিছু একটা লিখছে বা আঁকছে। সমীরের কৌতহল হলো। আসতে আসতে গিয়ে পিছনে দাড়ালো। কোনো কথা বলল না।

..... ঝিমলী এঁকেছে পাতায়, একটা কুকুর। বাদামী ঘেষা। পাতা জুড়ে কুকুর টার ছবি । ঝিমলির আঁকা শেষ হলো। খাতা টা দিবাকরের দিকে এগিয়ে দিল ঝিমলী। দিবাকর এর শীর্ণ হাত, কাপছে মনে হলো। খাতা টা নিল ঝিমলীর হাত থেকে। দিবাকর চেয়ে আছেন আঁকাটার

দিকে। ঝিমলী একটু ঘেষে বসলো দাদুর কাছে, আসতে আসতে বলল..... "বাবা কি বলে জানো দাদু? তুমি কোনো কিছু না পেলে দু:খ পেও না, সেটা নিজের মত করে বানিয়ে নাও। বংগো কে তুমি মিস করছ, কিন্তু ওকে নিয়ে কিকরে আসব বলো? হ্যাভ দিস পেইন্টিং, তোমার মনে হবে বংগো তোমার কাছে আছে।"

দিবাকর ঝিমলী র মাথায় হাত রাখলেন।

সমীর পিছিয়ে এলো, ডাকলো না ওদের। অদ্ভুত একটা ভালোলাগা ঘিরে ধরেছে সমীর কে, অনেক দিন পর এমন অদ্ভুত একটা অনুভূতি। সব পুরনো গুড়িয়ে যায় নি, নতুন ভাবে আবার পুরনোকে ফিরে পাওয়া যায়!!

দূরে কোথায় দূরে দূরে

শম্পা বসু
প্রোফেসর – বাংলা সাহিত্য
দেশবন্ধু গারলস কলেজ
কলকাতা

মনটা ভারাক্রান্ত হয়েছিল প্রথম থেকেই। বাঙ্গালীর শ্রেষ্ঠ উৎসব দুর্গা পুজোর কোলাহলে গা ভাসাতে পারবো না এবার ! বাড়ির কর্তা মশাইটি দেখে শুনে দেবীপক্ষের তৃতীয়ার দিনের টিকিট এনে হাজির। জায়গাটি লোভনীয়। ভূস্বর্গ কাশ্মীর ; কিন্তু ওই পুজোর কটা দিনের জন্যেই যে সারা বছর আকুল হয়ে অপেক্ষা করা। তবু ছেলে মেয়ের উজ্জ্বল চোখের আনন্দের কাছে নিজের বাসনাকে বিসর্জন দেওয়াতেই তো সুখ। ওদের আনন্দেই তো মা বাবার জীবনের পূর্ণতা। সঙ্গে যাবেন আরও চার পাঁচজন আত্মীয় পরিজন। বিমান - টিকিট হাতে পাওয়ার পর থেকেই দেখি আমারও যেন শৈশব সুলভ চাপল্য ঘিরে ধরেছে আমাকে। এতদিন শুধু ভূগোলেই পড়েছি ডাল লেকের সৌন্দর্যের কথা , কাশ্মীর নাকি ভূস্বর্গ। এবার ইন্টারনেট খুলে দেখতে লাগলাম দ্রষ্টব্য স্থানগুলো। আর শুধু কি তাই ? ভ্রমণ রসিক স্বামীটিও ছেলে মেয়ের জন্যে খুঁজে খুঁজে ওই পুজোর বাজারের ভিড়ের মধ্যে থেকে কিনে আনতে লাগলেন শীতের পোশাক । মানে প্রস্তুতির শীর্ষ বিন্দুতে পৌঁছনোর প্রচেষ্টা ।

যথারীতি এসে পড়ল সেই কাঙ্ক্ষিত ক্ষণ | চারিদিকে মণ্ডপসজ্জা শেষের মুখে ; আলোকসজ্জাও প্রায় সুসম্পন্ন ; এরই মধ্যে কলকাতাকে বিদায় জানিয়ে তৃতীয়ার দিন ভোরে পৌঁছলাম দমদম বিমানবন্দরে | প্রথমে দিল্লির উড়ান , তারপর সেখান থেকে শ্রীনগর | দিল্লী থেকে শ্রীনগরের ওই যাত্রাপথটুকু খুব বেশীক্ষণের নয় , কিন্তু জানলার ধারে বসে ওই উচ্চতা থেকে শ্রীনগর শহরটাকে দেখা যে কত রমণীয় হতে পারে , তা অবর্ণনীয় | মেঘের মধ্যে দিয়ে ভেসে যাওয়া , আর নীচে পাহাড় চূড়ার দিকে তাকিয়ে তুষারধবল শিখর দেখে শিহরিত হয়ে ওঠা - আমার কিশোরী মেয়ে আর ছোট ছেলের বিস্ময় - কৌতূহল আমাদের মনকেও ভরিয়ে তুলছিল আনন্দে |

ভূস্বর্গ কাশ্মীরকে তুলনা করা হয় সুইজারল্যান্ডের সঙ্গে |কিন্তু হিমালয় যে আল্পসের চেয়ে কিছু কম নয় , এই ভাবতে ভাবতে কখন যে পৌঁছে গেছি শ্রীনগর বিমানবন্দরে , তা খেয়াল করিনি | আর দশজনের সেই দলকে অভ্যর্থনা জানাবার জন্যে অপেক্ষায় ছিলেন হামিদ ভাই , যিনি তখন সদ্য পরিচিত , কিন্তু তাঁর আন্তরিকতায় আমরা তখন মুগ্ধ | হৃদ রোগী আমার ননদ ওই উচ্চতায় উঠে যদি কোন শ্বাসকষ্ট জনিত অসুবিধায় ভোগেন , তাই তিনি ছটি অক্সিজেন সিলিন্ডার নিয়ে উপস্থিত | টাটা উইংগারে চলেছি দশজন | ঝাউগাছ আর লতানে গুল্মের মধ্যে দিয়ে যেতে যেতে দলের দুই কচি কাঁচা গেয়ে উঠছিল "চেন্নাই এক্সপ্রেস" এর সদ্য জনপ্রিয় বহুল প্রচারিত গানটি ..."কাশ্মীর হ্যায় ", তালে তাল মেলাচ্ছিলাম না কি আমরাও ? চারিদিকে স্লোপিং রুফের বাড়ি দেখে মনে পড়ছিল খবরের কাগজের পরিচিত তুষারপাতের কথা | পথে চাপদাড়ি যুবক , বোরখা ঢাকা যুবতী আর মোড়ে মোড়ে সি আর পি এর জওয়ানদের ভ্যান গাড়ি দেখে অনুভব করলাম কাশ্মীরের প্রতিকূলতা | পথে পড়ল রাজবারগ পার্ক | ঝিলামকে দেখলাম একঝলক | সেই ঝিলাম , রবীন্দ্রনাথ লিখেছিলেন , "সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলামের স্রোতখানি বাঁকা " ...সেই বাঁকা স্রোত দেখিনি তখন , কারণ তখন মধ্যাহ্ন ভোজের তাড়া | পথের ধারেই ধাবাখানা | আমাদের দলের দেড় বছরের বিতান আবার 'চলন্ত" | একটু থামলেই মুশকিল | তাই তাড়াতাড়ি খাওয়াদাওয়া সেরে এলাম ডাল লেকে | সেই স্বপ্নের লেক | বহু প্রতীক্ষিত | এ যে সমুদ্রের চেয়েও বিস্তীর্ণ | আর লেকটির চারিদিকে বিস্তীর্ণ পাহাড় | সে কি বিচিত্র বরণ পর্বতের | কোথাও ধূসর , কোথাও হালকা কৃষ্ণবর্ণ আর তার ই কোল ঘেঁষে অসংখ্য হাউসবোট | সেই হাউসবোটে নিয়ে যাবার জন্যে কূলের কাছে দাঁড়িয়ে আছে অজস্র শিকারা | তিনটি শিকারা নিয়ে ভাসমান হলাম আমরা | একটাতে শুধু লটবহর , আর দুটিতে আমরা সবাই | হামিদ ভাই হাউসবোটে থাকার ব্যবস্থা করে রেখেছিলেন | বাচ্চারা দাপাদাপি করতেই বোট যেন দুলে উঠলো খানিক | মুগ্ধ হয়ে গেলাম তার অন্দরসজ্জায় | আখরোট কাঠ দিয়ে তৈরি অপরূপ আসবাবপত্র | হাত মুখ ধুয়ে শিকারায় চড়ে ডাল লেক ভ্রমণের পালা এবার | শিকারায় উঠে চালক একটু মজা করে নৌকো হেলাতেই আমার পুত্রের মুখে জল টলমল | পাশে এসে গেল আরও দুটি শিকারা | ফটো তোলা ওদের পেশা | ওই শিকারাতেই ওদের সাজসজ্জার উপকরণ | ছেলে মেয়ে তো কাশ্মীরি সাজলোই , দেখতেও লাগছিলো অপূর্ব আর আমরাই বা বাদ যাই কেন ? ঝুপ করে এর মধ্যে নেমে এল অন্ধকার |

শীতের আমেজ , সেখানে লেকের ওপরেই ভাসমান পোস্ট অফিস , ওষুধের দোকান , আর শাল – ফিরান – কোটের দোকান। পর্যটকরাই ওদের প্রধান ভরসা। তাই সাদর আমন্ত্রণের অভাব নেই। কিন্তু তখন আমরা ক্লান্ত। তাই লেকের কিছুটা ঘুরে আমরা এলাম হাউসবোটে , রাতের বেলা যেন পরী সেজে দাঁড়িয়ে রয়েছে রঙিন আলোর হাউসবোটের পসরা নিয়ে সেই একই ডাল লেক সুন্দরী। মাত্র একদিনের রাত্রিযাপন এখানে , তাই বারান্দায় বসে উপভোগ করছিলাম সেই নিশীথিনীর সৌন্দর্য। কিন্তু ক্লান্তিজনিত ঘুম ডেকে নিল বিছানায় , আর সকালে ঘুম ভাঙ্গল ঝিরিঝিরি বৃষ্টির শব্দে। ভূস্বর্গ বৃষ্টিস্বর্গে পৌঁছে গেল নাকি ? মেঘের সঙ্গে রোদের লুকোচুরি খেলায় সঙ্গী হয়ে আমরা প্রাতরাশ সেরে রওনা দিলাম পহেলগামের উদ্দেশে। হাল্কা ঠাণ্ডা তখন চিনার বনের মধ্যে। ঝিলামের ধারে ধারে চিনারের এই অভিভাবকত্ব মুঘল আমল থেকে। আর এই চিনারকে নিয়ে কাশ্মীরিদের খুব গর্ব। সবুজতায় আর রাজকীয়তায় পূর্ণ। পরে মনে পড়লো কাশ্মীরি শালে এই চিনার পাতার প্রতিচ্ছায়াই তো লক্ষণীয়।

আর যাত্রাপথটিও তো মনোরম। চারিদিকে সবুজ উপত্যকার মাঝে মেঘ , তারই মধ্যে "আমরা এমনি এসে ভেসে যাই"। টোল বুথে পয়সা ফেলে বেলাবেলি প্রবেশ করলাম পহেল গাম এ।হোটেল 'হিভানের' সামনে যখন গাড়ি এসে থামল তখন মনে হল "এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি"। সামনে বইছে খরস্রোতা লিডার নদী। নুড়ি পাথর , পার্বত্য উপত্যকা , সবুজ বনানী তারই সঙ্গে মাঠে চরে বেড়ানো ভেড়ার পাল --- আমার কিশোরী কন্যা তো ভাইকে জড়িয়ে ধরে ঘুরে নিল একপাক। বিকেলবেলা বাকি আমরা কফির আমেজে ডুবে গিয়ে পাহাড়ের কোণে কোণে বরফ খোঁজার একটা বৃথা চেষ্টা করতে লাগলাম। কিন্তু এখানকার প্রাকৃতিক সৌন্দর্য এত ভাল লাগছিল যে , মনে হল দুদিন না থেকে আরও কিছুদিন থাকার

পরিকল্পনা করলে ভাল হত। ধীরে ধীরে শীতল আবহ নেমে এল চারিদিকে। প্রকৃতি রাত্রিতে এখানে গম্ভীর , স্তব্ধ। আর নদীর জলের মৃদু কলধ্বনি সেই স্তব্ধতাকে করে তুলছে আরও গহন , গভীর।

কাশ্মীরি ডিনারে সুস্বাদু কাশ্মীরি খানা। গরগরে , মশলাদার মাটন গুস্তাবা আর রিস্তা। সাথে গরম রুটি। কিন্তু মনটা ভারাক্রান্ত হল যখন শুনলাম গুলমার্গ–এ গিয়েও বরফের দেখা মিলবে না। কিন্তু পথ যে বড় সুন্দর , যাবার পথে পড়ল আপেল বাগান। যে কাশ্মীরি আপেল কেনার জন্যে মানুষ অপেক্ষা করে থাকে , তা পাইকারি দরে বিক্রি হচ্ছে ওখানে। গাছ থেকে ফল পেড়ে খাচ্ছে প্রায় সকল পর্যটক ই।

এরপর এল পৃথিবীর সবথেকে উঁচু গলফ কোর্স। আমাদের গাড়ি সেই পথ পেরিয়ে আরও আরো পাইন আর দেওদারের মধ্যে দিয়ে এসে পৌঁছল মস আর ফার্ন ঘেরা কাঠের হোটেল এর সামনে। কিন্তু গিয়ে শুনলাম সন্ধ্যের আগে সেখানে প্রবেশ করা যাবে না , সেদিনের জন্যে ওখানকার সরকার কিছু নিষেধাজ্ঞা আরোপ করেছিল। কিন্তু আতিথেয়তার কোন ত্রুটি রাখেন নি তারা। একটা ছোট্ট কিছুক্ষণের জন্যে থাকতে দিল তারা আমাদের। সঙ্গে গরম চিকেন পকোড়া। চারিদিকে শুধু নির্জনতা আর ধূম অন্ধকার। তারপর সন্ধে নামতে হোটেলের দিকে যাত্রা। উঁচুতে উঠতে আমার ননদ কিছুটা অসুস্থ বোধ করায় হামিদ ভাইয়ের জোগাড় করা অক্সিজেন কাজে লাগলো এবার। পরের দিন গন্ডোলা যাত্রা। লাইন দিয়ে টিকিট কাটা হল। দুটি টাওয়ার আছে সেই পাহাড়ে। পাহাড়ের নির্জনতা , স্তব্ধতা , গাম্ভীর্য সবই যেন খণ্ডিত হয়ে যাচ্ছে অভিযাত্রীদের ফেলে যাওয়া বিস্কুটের প্যাকেট , চিপস এর প্যাকেটের , কোল্ড ড্রিঙ্কস এর স্ট্র এর আবর্জনায়। দ্বিতীয় টাওয়ারের একেবারে উঁচুতে গ্লেসিয়ারে কিছু বরফের সন্ধান পাওয়া গেল ; কিন্তু তুষারাবৃত পাহাড়কে দেখতে না পাওয়ার দুঃখ মনকে আচ্ছন্ন করে রাখলো। শতবার বলে এলাম তুমি আবার ডাকবে তো? এরপর শ্রীনগর ফেরা। কিছু কেনাকাটা। কবে ভূস্বর্গ তার তুষার ধবল সৌন্দর্য নিয়ে আবার ডাকবে আমায় কে জানে।

যে জম্মু ও কাশ্মীর মাঝে মাঝে এ হয়ে যায় অশান্তির বার্তা বাহী , সেই ভূস্বর্গেই এত আন্তরিকতার স্বাদ পেয়েছি , তা না বললে কাশ্মীর ভ্রমণ অসম্পূর্ণ থেকে যায়। বৃষ্টি ভেজা শহরে মীর ও হামিদ ভাই যেভাবে আমাদের উষ্ণ আতিথেয়তায় শহর ঘুরিয়েছে , মেয়ের আবদারে দেখিয়েছে কাশ্মীর ইউনিভার্সিটি , সাদরে নিয়ে গেছে আখরোট কাঠের কারখানায় , যেখানে কাঠের শিল্পকর্ম দেখার মত। গয়নার বাক্স , বালা , চাবির রিং , ট্রে – কী অপূর্ব শিল্পকর্ম সে সবের। "যাবার সময় হল বিহঙ্গের"-ডাল লেকের সামনে এসে দাঁড়ালাম। কোন সীমা যেন নেই তার। "ধ্যানগম্ভীর ভূধর" আর সুবিস্তৃত জলরাশির সামনে দাঁড়িয়ে কল্পনা করছিলাম শীতকালীন সেই স্থানটির , যখন সাধারণ জনজীবন থেকে তারা হয়ে যায় বিচ্ছিন্ন। কিন্তু সেই সৌন্দর্য? তা কি শুধু ছবিতেই থাকবে ধরা ? মনে মনে উচ্চারণ করলাম 'ভূস্বর্গ , তুমি বিচ্ছিন্ন হোয়ো না সুবিশাল ভারতবর্ষের বুক থেকে'।

ইন্টারনেট সংগৃহীত

শব্দছক

কেয়া ভট্টাচার্য্য



পাশাপাশি

১. এর তাড়া খেয়ে দাদা বর্ণপরিচয় প্রথম শেখা।
৩. নয় হাট কোট ফিরিঙ্গী প্রথম গোয়েন্দা বাঙালী।
৫. ধনুক হাতে বীরের সাথে।
৬. মহাকাব্যের পাতায় বাল্মীকির লেখায়।
৯. যার আলো সবার মাথায় কবি বললে কম বলা হয়।
১১. সমুদ্রে ডুবে দেখো কত আছে গুনতে পারো?
১৩.পুরোনো সেই দিনের ছবি কান্তকবি নামেই চিনি।
১৫. নিজের দৃষ্টি হারালে এ থাকবে জীবনে।
১৭. বউ বধুর সনে হিন্দির কনে।
১৯. প্রসংসা ২ বার কর স্নেহের ফাঁদে ধরা পড়।
২০. ভালো বল চাপড় মেরে দেখবে সাহস যাবেই বেড়ে।
২২. সমস্যায় পড়লে এর পথ ধরবে।
২৩. ভুয়ো যদি হয় ও ফাঁদ তবু রয় তো।
২৫. ভালো কাজে পাবেই পাবে হাতে করে ধরাও যাবে।

উপরনীচ

২. কিশোর গোয়েন্দা জমত? এ যদি না থাকত?
৪. সাহেব বসত চেয়ারে বঙ্গ সন্তান আরামে।
৭. আশির্বাদ মাথায় করো জীবন সাথীর হাত ধরো।
৮. মাথা নোয়াও শ্রদ্ধা দেখাও।
৯. অনুচ্ছেদ হয় সৃষ্টিও কয়।
১০ পদ্মফুলের তলে তবে ফুল শোভে।
১২. পুরনো নয় নতুন ভালো করে ভাবুন।
১৩. তুমি আর আসবে না গানের সুরে জাল বোনা।
১৪. শশীকান্ত ভুল করে বজায় দাদরা ফেলে।
১৬. এতে বসা যায় ঘরের কনে রয়।
১৮. আশা হারিও না আনন্দে ভুলো না।
২০. ভুল কর না আর এ বার হুঁশিয়ার।
২১. হল সব শেষ আর নয় বেস।
২৪. ঘৃনা বা ভয়ের সাথে মুখ ঢেকো না দুই হাতে।
২৬. এ কখনো নিজের না আপন বলে ভেবো না।

উত্তর

পাশাপাশি

১. আজগর, ৩. ব্যোমকেশ, ৫. আয়ুধ, ৬. রাবন, ৯. রবি, ১১. রতন, ১৩. রজনীকান্ত, ১৫. চশমা, ১৭. দুলহন, ১৯. বাবা, ২০. সাবাস, ২২. সমাধান, ২৩. জাল, ২৫. মানপত্র।

উপরনীচ

২. জটায়ু, ৪. কেদারা, ৭. বর, ৮. নত, ৯. রচনা, ১০. বিশ, ১২. নবীন, ১৩. রঞ্জনা, ১৪. কাহারবা, ১৬. মাদুর, ১৮. হতাশ, ২০. সাবধান, ২১. সমাপ্ত, ২৪. লজ্জা, ২৬. পর।

Living Fossil

Kausik Bhattacharya
(TCS Denver Collorado)

ছোট ছেলের অনুরোধে ঘরে এসেছে বেশ বড় একটা ক্যালেন্ডার
পাতাজুড়ে নানান ছবি - মহাপুরুষ, মনিষী রবি ঠাকুর ,
সুভাষচন্দ্র, বিবেকান্দ, রামকৃষ্ণ সকাল সন্দে ধূপ –ধুনো

হরিপদ কেরানী ফিরেও চায় না সে দিকে
কে জানে হঠাৎ, মাসের অর্ধেক হয়েতো শেষ
শঙ্কিত, পরাধীন মধ্যবিত্তের Roller coaster এ চেপে
অভাব সাধনার যাত্রা হবে শুরু

শুকনো চোখ , দিগন্তে শুধুই ধূসর
সংসার জুড়ে ছড়িয়ে থাকা প্রশ্নচিহ্ন
“বাবা SYLLABUS বদলেছে, নতুন বইটা এনে দেবে তো ? ”
“খবরের কাগজের দামটা তিনমাস হল বাকি ”
কুঁজো হয়ে যাওয়া শরীরের ছায়াটাও ছোট হয়ে যায় – লজ্জায় !!

মধ্যবিত্তের ছন্দপতন হতে নেই
খেলাধূলা, ব্যবসা, আন্দোলন নেই
রাজনীতি, মস্তানী তাও না

শেয়ালদা থেকে বড়বাজার ,
বাগবাজার থেকে হাওড়া
কালো ছেঁড়া ছাতা , অবিন্যস্ত চুল, কোটরে চোখ
৪৭ এর আগে – বা পরে ৭৭ বা ২০১১ পরিবর্তন এর হাওয়া
আজও পথ ভূলে ছুটে আসে না বাড়ির উঠানে

বিজ্ঞানের বইতে ছিল গাল ভরা নাম Living Fossil
কখন যেন পাতা ছেড়ে মজ্জায় মিশে গেছে

হরিপদ কেরানী কাঁরও সাতে পাঁচে নেই
–তাকে কেউ হিসেবের মধ্যেই আনে না।
হরিপদ কোনও ঝগড়ায় থাকে না -সাহসটা বহু বছর নিরুদ্দেশ
হরিপদ গান জানে না, বই- ও পড়ে না –
বহু দিন ধরে দক্ষিণের জানলাটাও খোলে না

বাবা – মা গত হবার পর রবি ঠাকুরের কটা লাইন
কখন যেন এক মাত্র সম্বল হয়ে গেছে
“ সুখহীন , নিশিদিন , পরাধীন হয়ে ---- দীনপ্রানে”
মেনে নেওয়ার নিত্য প্রথার জালে আষ্টে প্রিষ্টে বাঁধা জীবন
-এখানেই তো শেষ নয় ।

হঠাৎ একদিন ভেজা উঠোনে
অনেক রোধ প্রতিরোধ ভেঙ্গে
আছড়ে পড়ে শরতের রোদ
আকাশের নীলে লাগে মাতাল হাওয়া
কোথা থেকে ছুটে আসে সাদা মেঘ
ছোট পাড়াটাও যেন মেতে ওঠে
এ কলকাতার গলি থেকে রাজপথ ভরে ওঠে মায়াবী সুরে
“ বাজলো তোমার আলোর বেণু ”

উঠোনের মাঝে ছোট একফালি রোদ
যেন ওখানেই মা উমার আগমন
হরিপদ আলোয় এসে দাঁড়ায়
ভাঙ্গা চশমার ফাঁকে দু ফোঁটা মুক্তো – হয়েতো তাই-

ছোট ছেলেটা ঘরের কোণে নামতায় ব্যস্ত
দরজা গুলো খুলে যাছে যেন নিমেষে
হরিপদ ছুটছে , ছুটছে
চেনা রাস্তায় আজ সে অচেনা মানুষ ,
বাজার , বড়- রাস্তা , বাস-ট্রাম শেষে
ছাতা ছেড়ে রোদ মাথায় ঘরে ফেরা
ছোট ছেলেটা নামতার খাতায় ক্লান্ত ।

“ বাবা কি এনেছে ? “
“ নতুন জামা ? জুতো ? “
“বাবা ! আমার ভীষণ পছন্দ হয়েছে “

“বাবা ! আমি খুব খুশি খুব !!”
ভাঙা চশমা , বাড়ি ভাঙা, অসুখ ও অন্তহীন অস্বস্তি
শরতের রোদে আজ কেমন ম্লান।
মুছে গেছে জীবনের সব ঋণ
আজ হরিপদ –র Zero থেকে Hero হবার দিন ।

অসমাপ্ত

সুকুমার ভট্টাচার্য্য

সব পথে কি সবাই চলতে পারে?
সব কথা কি সাবাই বলতে পারে?

"যাই-যাই" ক'রে কত শত পথে
চলেও হয় না চলা।
"বলি-বলি" ক'রে কত কথা যেন
বলেও হয় না বলা।

"যাই-যাই" আর "বলি-বলি" ক'রে
করেছি অনেক ভুল!
ভুলের মাশুল দিতে দিতে তাই,
ভুলে হই মশগুল।

চলা আর বলা হয় নাক' সব-
পড়ে থাকে পিছুপানে,
ভাসা-ভাসা হয়ে ভেসে যাই শুধু
জোয়ারে - স্রোতের টানে।।

জগন্নাথপুর, কলিকাতা
৩০ | ৮ | ১৯৭২

School life

By Ayano Sasaki (10 yesrs old)
She drew her ideal school life for the year 2014.

Christmas tree
By Dishita Biswas (Yuki).
Age: 4years



Shuji

Drawing by Haruka Hiromitsu 4 years old.

This is Japanese custom to write words with black ink and brush at the beginning of the year. She wrote "horse" as 2014 is the year of Horse in Japanese zodiac signs.

Indranee Banerjee

Suvanwit Roy



My father with Netaji

Motoyuki Negishi

Subhas Chandra Bose

Dated 18th June 1944.

My dear Mr.Negishi,

I arrived here safely from Syonan on the 17th instant. The journey was quite comfortable.

I was glad to meet you again after many months. I am only sorry that I could not see you more often, as I was rather busy during my short stay there. I thank you very much for the letter you wrote to me expressing your sympathy. I am also very thankful to you for the present you gave me before I left Syonan. It was indeed very kind of you to take all this trouble.

Do you have any opportunity of writing to your family? If so, when you write to Mrs. Negishi, please give her my warmest greetings and good wishes and please ask her to give my love to your little girl.

I hope this will find you quite well. Wishing you all the best.

I remain ,

Yours sincerely,

Subhas Chandra Bose

Mr.T.Negishi,
C/o Hikari Kikan,
SYONAN+

Private letter from Netaji to my father Tadamoto Negishi.

Our well-wishers

Embassy of India
Tokyo, Japan

公益財団法人 日印協会
THE JAPAN-INDIA ASSOCIATION
Public Interest Incorporated Foundation

日本ヴェーダーンタ協会
(ラーマクリシュナ・ミッション日本支部)
Vedanta Society of Japan
(A Branch of the Ramakrishna Mission)

ISKCON

インド通信 インド文化交流センター Since 1978

AIR INDIA

DIC Discover India Club
～インドの情報発信、文化交流、イベント開催～

日印文化交流
India-Japan Cultural Exchange

ミティラー美術館
MITHILA MUSEUM

State Bank of India Japan
With you - all the way

お茶の水 おりがみ会館

Across·No.1
TRAVEL
by HIS
SPECIAL DISCOUNT AIR TICKETS
JAPAN
ALL OVER THE WORLD
ACROSS NO1 TRAVEL test test test test test test test test test test test test
test test test test test test test test test test test test test test test test test test
test test test test test test test test test test test test test test test test test test
সিরাজুল ইসলাম
ACROSS No.1 TRAVEL
SHINJUKU head office
tel: 03-3200-8871
Mobile: 080-4794-4066(softbank)
Come to our office!!
★Business hours★
Mon.-Fri.10:00 ～ 18:30
Sat.11:00 ～ 18:00
Sun. and National holidays :Closed
http://www.no1-travel.com/
no1 travel
Search
4F, EQUINIA SHINJUKU
(New Address)
The 1st floor is Docomo shop
SEIBU SHINJUKU Sta.
SHINJUKU PRINCE HOTEL
DON QUIXOTE (Old Address)
SHINJUKU Ward offices
YAMADA DENKI LABI
LAWSON
YASUKUNI Rd.
STUDIO ALTA
EAST GATE
MITSUI SUMITOMO BANK
SHINJUKU PICCADILLY (Cinema)
BIC CAMERA
KINOKUNIYA
ISETAN
YODOBASHI
LUMINE EST
Uniqlo-Bicqlo
H&M
MARUI
SHINJUKU Sta.
4F EQUINIA SHINJUKU BLDG. 1-1-17 Kabukicho, Shinjuku-Ku

インド料理スリヤ
ランチは 500 円から、ナンのおかわりは自由です
スリヤ
SURYA
Indian Restaurant
TAKE OUT OK !
PARTY OK !
45 人までパーティ可能、パーティコースもあります。
ランチタイム:11:00~15:00
ディナータイム:17:00~23:00
毎日営業しております。
SHIKI-SHI HONCHO 5-24-3
埼玉県志木市本町 5-24-3
TEL: 048-476-4858
Mobile: 080-4163-9030

Happy Saraswati Puja

With best compliments

From:

LTS Plastics India Private Limited

Happy Saraswati Puja

From a well-wisher

Mrs. Tapati Banerjee

Welcome to ONLINE SHOP of PADMA Halal Food!!!

http://www.padma-tr.com, Email: info@padma-tr.com

Address: 8-30-4 Waseda Misato city, Saitama, Post: 341-0018

Tel: 0489505050; Fax: 0489505057; Cell: 08044771896, 08035901897

We have been importing foods directly for Bangladesh, India, Malaysia, Myanmar, Pakistan, Thailand, Turkey, Tunisia, USA and many other countries.

Our halal food includes: Locally slaughtered Japanese beef and chicken, freshwater fish, different kinds of spices, oil, rice, lots of ready foods and sweets etc. We will ensure the best quality fresh and safe foods at your door with our fastest serve.

Next Day Shipping: Please send your order before 3 pm for next day delivery.

Please contact us directly for more information on wholesale and restaurant sales.

JRF

JAPAN REMIT FINANCE CO. LTD.
No.00024 Director General of Kanto Financial Bureau

International Money Transfer
Japan - India

Registration website: www.jpremit.com

RELIABLE EASY QUICK

Excellent Exchange Rate
Cheap Service Charge !

JRF Bank Accounts

ゆうちょ銀行	三井住友銀行	MIZUHO
Branch code : 001004	Hamamatsucho Branch	Hamamatsucho Branch
A/CNo : 0651984	A/CNo : 7547428	A/CNo : 1363930
Futsuu Account	Futsuu Account	Futsuu Account
カ)ジャパンレミットファイナンス	カ)ジャパンレミットファイナンス	カ)ジャパンレミットファイナンス

prabhu Money Transfer

BUSINESS PARTNERS

XPRESS MONEY simple. fast. safe

Service charge

¥1~ 1,000,000 = ¥1,500

- Can Deposit To Any Bank Account.
- Can Cash pickup only From Muthoot Finance.

Muthoot Finance

Cash pay only 50,000 RS per Transaction.

Service charge

¥1 – 30,000 = ¥850
¥30,000– 400,000 = ¥1,450

- Only Cash Pickup

SBI IDBI BANK BOI Indian Overseas Bank FEDERAL BANK Union Bank UNITED BANK OF INDIA PNB

Head office:
Modulo Hamamatsucho Bldg. 3F, 1-2-15,
Hamamatsucho, Minato-ku,
Tokyo, 105-0013, Japan
Mob: 080-3603-4338
Or 080-4296-7776
TEL: 03-5733-4337
Fax: 03-5733-4338
Email:info@jpremit.com

Okubo Office :
Daisan Yoshihara Bldg. 401, 2-27-4,
Hyakunincho, Shinjyuku-ku,
Tokyo. 169-0073. Japan
TEL: 03-5937-4418
Fax: 03-5937-4419

JRF

JRF এর মাধ্যমে অর্থ প্রেরণ সর্বাদিক সাশ্রয়ী, বৈধ, নিরাপদ ও রাষ্ট্রীয় গ্যারান্টিযুক্ত।
আপনার কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা JRF এর মাধ্যমে দেশে পাঠিয়ে জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে এগিয়ে আসুন।

Remittance through JRF is most affordable, legitimate, secured and comes with national guarantee.

Please come forward to contribute and strengthen your national economy by remitting your hard-earned foreign currency through JRF.

JRF

website: www.jpremit.com

Durga Puja 2013 (14th Oct. 20213)

KCSJ members with Ambassador of India (Japan). 9th October 2013

2013 Year end party (8th Dec.)

Kolkata Cultural Society Japan

http://www.kcs-japan.com E-Mail: info@kcs-japan.com

Kolkata Cultural Society Japan

KCSJ

Est. 2007